# কুমিল্লা সিটি কর্পোরেশন

নগর ভবন, কুমিল্লা

(cocc.portal.gov.bd)

## কুমিল্লা সিটি কর্পোরেশনের ৯১তম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : হাবিবুর আল-আমিন সাদী<br>ভারপ্রাপ্ত মেয়র<br>কুমিল্লা সিটি কর্পোরেশন |
| তারিখ | : ২৪/০১/২০২৪খ্রি. |
| সময় | : সকাল ১১.০০ঘটিকা |
| স্থান | : সিটি কর্পোরেশনের অতীন্দ্র মোহন রায় সম্মেলন কক্ষ |

উপস্থিত সদস্যদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি উপস্থিত সংরক্ষিত আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সাধারণ আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মো: ছামছুল আলম সভার কার্যক্রম পরিচালনা করেন।

### শোকপ্রস্তাব

সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ কুমিল্লা সিটি কর্পোরেশনের সদ্য প্রয়াত মেয়র জনাব আরফানুল হক রিফাত এর মৃত্যুতে সভায় একটি শোকপ্রস্তাব উত্থাপন করেন। তিনি বলেন, কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন-২০২২ এ জনাব আরফানুল হক রিফাত মেয়র পদে নির্বাচিত হন। প্রায় দেড় বছর মেয়র পদে দায়িত্বপালন করে সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখ তিনি ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি মরহমের বর্ণাঢ্য কর্মময় জীবনের স্মৃতিচারণ করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক আদর্শে উজ্জীবিত প্রয়াত মেয়রের পদচারণায় মুখরিত ও সদাপ্রাণচঞ্চল ছিল কুমিল্লার ক্রীড়াঙ্গণ। প্রয়াত মেয়র ছিলেন একাধারে বরেণ্য সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব। তাঁর মৃত্যুতে সভায় গভীর শোক প্রকাশ করে সকল সদস্য দাড়িঁয়ে এক মিনিট নিরবতা পালন করেন এবং মরহমে রুহের মাগফেরাত কামনা করে দোয়া মোনাজাত করা হয়। শোকপ্রস্তাবটি সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয় এবং মরহমের শোকসন্তপ্ত পরিবারের সকল সদস্যের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়।

**সিদ্ধান্ত:** শোকপ্রস্তাব প্রয়াত মেয়রের পরিবারবর্গের নিকট পৌঁছে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**বাস্তবায়ন:** সচিব

০২। আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন: প্রধান নির্বাহী কর্মকর্তা গত ৩০/১০/২০২৩খ্রি. তারিখের সভার কার্যবিবরণী বিস্তারিত পাঠ করে শুনান এবং কারো কোনো আপত্তি/সংশোধনী আছে কি-না জানতে চান। সভার কার্যবিবরণী পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়। | ৩০/১০/২০২৩খ্রি. তারিখের সভার কার্যবিবরণীর ওপর কারো কোনো আপত্তি না থাকায় উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হলো। | বিভাগ ও শাখা প্রধান(সকল) |
| ০২. | বিগত সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা: প্রধান নির্বাহী কর্মকর্তা ৩০/১০/২০২৩খ্রি. তারিখের সভার সিদ্ধান্তের ওপর গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। | সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন কার্যক্রমের জন্য সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং যে সকল সিদ্ধান্ত এখনও বাস্তবায়নাধীন ও প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা<br>বিভাগ ও শাখা প্রধান(সকল) |
| ০৩. | মাসিক আয়-ব্যয় বিবরণী উপস্থাপন: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মো: মাসুদুর রহমান সিটি কর্পোরেশনের বিভিন্ন শাখার রাজস্ব আদায় বিবরণী সম্মানিত সদস্যদের অবহিতির জন্য উপস্থাপন করেন। সভায় রাজস্ব আদায়ের তুলনামূলক তথ্য বিশ্লেষণ ও পর্যালোচনা করা হয়।<br>(ii) ডিসেম্বর ২০২৩ মাসের সিটি কর্পোরেশনের রাজস্ব আয় ও ব্যয়ের সারসংক্ষেপ নিম্নরূপ-<br>আয়: ২,৩৫,৮৯,৬৮৮/-টাকা<br>ব্যয়: ১,৫৩,৩৭,১২৩/- টাকা | রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে মাঠ পর্যায়ে চলমান রাজস্ব আদায় টিমের কার্যক্রম আরও জোরদার করতে হবে। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>প্রধান রাজস্ব কর্মকর্তা |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০৪.</td><td>
<u>উন্নয়ন কর্মকান্ড সংক্রান্ত</u>: সভাপতির অনুমতিক্রমে প্রধান প্রকৌশলী জনাব গৌতম প্রসাদ চৌধুরী চলমান ও সমাপ্তকৃত উন্নয়ন প্রকল্পের(ডিপিপি, এডিপি, ইউডিসিজিপি)অগ্রগতি সভায় উপস্থাপন করেন।<br>
বিস্তারিত আলোচনার পর চলমান ও সমাপ্তকৃত প্রকল্পের অগ্রগতি ও গুণগত মান সম্পর্কে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।<br><br>
(ii) নির্বাহী প্রকৌশলী জনাব মো: আবু সায়েম ভুইয়া কর্তৃক নিম্নলিখিত প্রাক্কলন/সংশোধিত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ক্রম</th><th>প্রকল্প/কাজের নাম</th><th>প্রাক্কলিত অর্থ</th></tr>
<tr><td>১.</td><td>ডেস্কটপ কম্পিউটার সরবরাহ কাজ।</td><td>১,৮৯,০০০.০০</td></tr>
</table>
(iii) <u>ভেরিয়েশন প্রাক্কলন</u>: নির্বাহী প্রকৌশলী নিম্নবর্ণিত ভেরিয়েশন প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>
Developments of Moradpur Bhuiyan Pokorpar Graveyeard, 2) Construction of Main Gate at Moradpur Bhuiyan Pokorpar Graveyard, 3) Developments of Moradpur Southpara Graveyard Under Cumilla City Corporation (Ward No-14), 4) Developments of New Chowdorypara Greavyerd Under Cumilla City Corporation (Ward No-7,9), 5) Developments of New Chowdorypara Graveyard, 6) Developments of West Bagicagoan Graveyard Under Cumilla City Corporation (Ward No-09) and 7) Construction of Main Gate at Gobindhapur Graveyard & Gobindhapur Khanka Sharif ( Near Gobindhapur Primary School ) Under Cumilla City Corporation (Ward No-07), CUCC/CIDP/2022-2023/PW-112.2, Tender ID No- 778136 CUCC/CIDP/2022-2023/PW-112.2, Tender ID No- 778136 প্রকল্প কাজ বাস্তবায়নকালে পার্ট-১ ড্রেইনের পরিবর্তে সীমানা ও অজুখানা নির্মাণ, পার্ট-২ সীমানা প্রাচীরের কিছু অংশের পরিবর্তে রাস্তা ও ড্রেইন নির্মাণ, পার্ট-৬ সীমানা প্রাচীরের পরিবর্তে ফুটপাতের উপর শেড নির্মাণ, পার্ট-৭ মেইন গেইটের পরিবর্তে ফুটপাত নির্মাণ করা প্রয়োজন। প্রাক্কলনের চুক্তিমূল্য- ২,১৮,৬৯,৯৮০/- (দুই কোটি আঠারো লক্ষ উনসত্তর হাজার নয়শত আশি টাকা) টাকা এবং ভেরিয়েশনের প্রাক্কলন মূল্য মং- ২,১৭,৪০,৭২৫/-(দুই কোটি সতেরো লক্ষ চল্লিশ হাজার সাতশত পঁচিশ) টাকা। যা ভেরিয়েশন প্রাক্কলন চুক্তিমূল্যের চেয়ে ১,২৯,২৫৫/- টাকা কম বা ০.৫৯% নিম্ন।<br><br>
(iv) <u>উন্নয়ন কাজের গুণগত মান সংক্রান্ত</u>: সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০১) জনাব কাজী গোলাম কিবরিয়া জানান, প্রকৌশল বিভাগের তদারকির অভাবে উন্নয়ন কাজের মান নিম্ন ও কাজের গতি মন্থর। এছাড়া ওয়ার্ডে নিয়োজিত কঞ্জারভেন্সি লেবারের কাজ তদারকি বাড়ানো দরকার।<br>
সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৮) জনাব মোহাম্মদ শওকত আকবর জানান, কাটাবিল রোড, নুরপুর হাউজিং রোড ও মেডিকেল কলেজ রোড কাজের মান নিম্ন। রাস্তা চলাচলের অনুপযোগী। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সভাপতিকে অনুরোধ জানান।<br>
সভাপতি বলেন, উন্নয়ন কাজের গুণগতমান প্রশ্নে কোনো আপোষ নয়। উন্নয়ন কাজে অনিয়ম পরিলক্ষিত হলে কাউন্সিলরসহ যে কেহ অভিযোগ করতে পারেন। অভিযোগের তদন্ত হবে, অনিয়ম হলে তাৎক্ষণিক কাজ বন্ধ হবে, বিল বন্ধ থাকবে। প্রকৌশল বিভাগে লোকবল কম। তাই দক্ষতা ও সর্বোচ্চ শ্রম দিয়ে কাজের মান বজায় রাখতে হবে। তিনি বলেন, বহমান ড্রেনগুলো দিন দিন সংকুচিত হয়ে যাচ্ছে। মৌজা ম্যাপ অনুযায়ী ড্রেন খালের প্রশস্ততা যথাসম্ভব অপরিবর্তিত রাখার জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করেন।
</td><td>
০১। প্রস্তাবিত প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী দরপত্র আহ্বান/কোটেশনের মাধ্যমে পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।<br><br>
০২। প্রস্তাবিত ভেরিয়েশন প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী পিপিআর ও প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের জন্য প্রকৌশল বিভাগকে অনুরোধ করা হলো।<br><br>
০৩। উন্নয়ন কাজের গুণগত মান ও টেকসই নিশ্চিতে প্রকৌশল বিভাগের সকল কর্মকর্তাকে তদারকি জোরদার করার জন্য অনুরোধ করা হলো।<br><br>
০৪। ড্রেন, খাল উন্নয়ন ও সংস্কারে মৌজা ম্যাপে চিহ্নিত প্রশস্ততা যথাসম্ভব অপরিবর্তিত রাখতে হবে।
</td><td>
কাউন্সিলর (সকল)<br>প্রধান প্রকৌশলী<br>নির্বাহী প্রকৌশলী (সকল)<br>সহকারী প্রকৌশলী (সকল)<br>টাউনপ্লানার<br>উপসহকারী প্রকৌশলী (সকল)
</td></tr>
<tr><td>০৫.</td><td>
<u>শাখাভিত্তিক আলোচনা:</u><br>
(ক) <u>ট্রেড লাইসেন্স</u>: সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ জানান, বিভিন্ন ওয়ার্ড, মহল্লা, অলি-গলিতে দোকান-পাট, ব্যবসা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নাই। মাঠ পর্যায়ে টিম পাঠিয়ে সকল প্রতিষ্ঠানে তালিকা করে শতভাগ ট্রেড লাইসেন্স আওতায় আনা জরুরি। কাউন্সিলরবৃন্দ এ কাজে সার্বিক সহযোগিতা প্রদান করবেন- মর্মে আশ্বাস প্রদান করেন।
</td><td>
০১। বিভিন্ন ওয়ার্ডে মহল্লা, অলি-গলির সকল দোকান-পাট, ব্যবসা প্রতিষ্ঠানের তালিকা প্রণয়নসহ শতভাগ ট্রেড লাইসেন্স আওতায় আনতে হবে। এ কাজের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থানের জন্য
</td><td>
কাউন্সিলর (সকল)<br>প্রধান নির্বাহী কর্মকর্তা<br>প্রধান প্রকৌশলী<br>সচিব
</td></tr>
</table>

CamScanner

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৪/০১/২০২৪খ্রি. তারিখের মাসিক সভার কার্যবিবরণী

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | **(ii) অটোরিক্সা (মিশুক) লাইসেন্স:** সভায় অটোরিক্সা (মিশুক) লাইসেন্স প্রদানের বিষয়ে আলোচনা হয়। সভাপতি বলেন, প্রত্যেক কাউন্সিলরের অনুকূলে ১০০(একশত) অটোরিক্সা (মিশুক) লাইসেন্স প্রদানের জন্য ইতোপূর্বে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। নির্ধারিত ফরমে প্রাপ্ত আবেদনসমূহ হতে লটারির মাধ্যমে প্রতি ওয়ার্ডে উল্লিখিত সংখ্যক লাইসেন্স প্রার্থী মনোনীত করা হবে। তবে একই পরিবারে একাধিক লাইসেন্স ইস্যু করা যাবে না। স্ব স্ব ওয়ার্ডে কাউন্সিলরগণ সতর্কতার সাথে মনোনীত ব্যক্তিদের তালিকা চূড়ান্ত করবেন। প্রাপ্ত আবেদনগুলো যাচাই-বাছাই করে ওয়ার্ডভিত্তিক তালিকা ৩১ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে প্রস্তুত করার জন্য লাইসেন্স কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | প্রধান রাজস্ব কর্মকতাকে অনুরোধ করা হলো।<br>০২। সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে লটারির মাধ্যমে প্রত্যেক ওয়ার্ডে ১০০(একশত) অটোরিক্সা (মিশুক) লাইসেন্স বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো। | প্রধান রাজস্ব কর্মকর্তা<br>বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br>সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>প্রশাসনিক কর্মকর্তা<br>লাইসেন্স কর্মকর্তা<br>ভান্ডার কর্মকর্তা<br>বাজার কর্মকর্তা<br>কঞ্জারভেন্সি কর্মকর্তা<br>ফুড এন্ড স্যানিটেশন কর্মকর্তা (সকল) |
| | **(iii)** প্রধান রাজস্ব কর্মকর্তা জনাব মো: মোস্তাফিজুর রহমান বলেন, মডেল ট্যাক্স সিডিউল, ২০১৬ এর মধ্যে কতিপয় আইটেম/ধরণ যেমন-অনলাইন মার্কেটিং ইত্যাদি উল্লেখ নাই। ফলে ফি নির্ধারণের বিপত্তি ঘটে। মডেল ট্যাক্স সিডিউলে অন্তর্ভুক্ত নেই এ ধরনের প্রায় ১০/১৫ টি আইটেম/ধরণ ই-ট্রেড লাইসেন্স সফটওয়্যারে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করেন। | ০৩। মডেল ট্যাক্স সিডিউল, ২০১৬ এ অন্তর্ভুক্ত নেই, এরুপ প্রতিষ্ঠানের আইটেম/ধরণ চিহ্নিতক্রমে ই-ট্রেড লাইসেন্স সফটওয়্যারে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| | (খ) বাজার শাখা:<br>বাদুরতলা হাজী তারু মিয়া বাণিজ্যিক ভবন অপসারণ: সভাপতি বলেন, সিটি কর্পোরেশনের মালিকানাধীন বাদুরতলা হাজী তারু মিয়া বাণিজ্যিক ভবন জরাজির্ণ ও ভগ্নপ্রায় । এ মার্কেট সড়কের উপর নির্মিত, যা স্পষ্ট দৃশ্যমান। শহরের যানজট নিরসন ও চলাচল নিরবচ্ছিন্ন করার জন্য বাদুরতলা সড়কটি সম্প্রসারণ করা জরুরি। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বাদুরতলা সড়ক সম্প্রসারণের স্বার্থে এবং ভবনটি ঝুকিপূর্ণ বিধায় যতদ্রুত সম্ভব উল্লিখিত ভবন অপসারনের সিদ্ধান্ত গৃহীত হয়। সেসাথে ক্ষতিগ্রস্ত দোকান-কোঠার মালিক/ব্যবসায়ীগণকে বিধি-বিধান অনুযায়ী অন্যত্র উপযুক্ত স্থানে পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। | ০৪। বাদুরতলা সড়ক সম্প্রসারণের সুবিধার্থে বাদুরতলা হাজী তারু মিয়া বাণিজ্যিক ভবন অপসারণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এ মার্কেট অপসারণে ক্ষতিগ্রস্ত দোকান-কোঠার মালিক/ব্যবসায়ীগণকে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী উপযুক্ত স্থানে পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | (গ) বর্জ্য ব্যবস্থাপনা:<br>মশা ও ডেঙ্গু নিয়ন্ত্রণ: প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, মশা নিয়ন্ত্রণ ও ডেঙ্গু প্রতিরোধে বিভিন্ন ওয়ার্ডে ফগার মেশিন ব্যবহার করে ওষুধ প্রয়োগ করা হচ্ছে। তবে ওষুধের কার্যকারিতা প্রশ্নে বিভিন্ন পর্যায়ে আলোচনা হয়। দেশের অন্যান্য সিটি কর্পোরেশনে মশা নিয়ন্ত্রণ খাতে কোটি টাকা ব্যয় করেও সুফল পায় নি। কুমিল্লা সিটি কর্পোরেশন মশা নিয়ন্ত্রণ খাতে ঔষধ ক্রয় ও লজিস্টিক বাবদ বরাদ্দ বাড়ানোর প্রয়োজন। সভাপতি মশা নিয়ন্ত্রণ কার্যক্রমসহ ওষুধ ক্রয়কার্য মনিটরিং ও স্বচ্ছতা জন্য একটি কমিটি গঠনের প্রস্তাব করেন। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>০১. জনাব আবুল কালাম আজাদ, কাউন্সিলর, ১৪ নং ওয়ার্ড<br>০২. জনাব মো: আবুল হাসান, কাউন্সিলর, ২৭ নং ওয়ার্ড<br>০৩. জনাব মো: আবু সায়েম ভুইয়া, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br>০৪. জনাব মো: ইদ্রিস মিয়া, উপসহকারী প্রকৌশলী<br>০৫. জনাব মো: মেছবাহ্ উদ্দিন ভূইয়া, ফুড এন্ড স্যানিটেশন কর্মকর্তা<br>প্রধান নির্বাহী কর্মকর্তা আরও বলেন, ডেঙ্গুসহ মশক নিধন কর্মসূচি অধিকতর কার্যকর ও বেগবান করার জন্য একজন কর্মকর্তার নেতৃত্বে পৃথক একটি টিম গঠন করা হয়েছে। **ডেঙ্গুসহ মশা নিয়ন্ত্রণ কাজে জরুরি প্রয়োজনে (মোবাইল নং ০১৭১০ ৬৪৩৯৪৭) যোগাযোগ করার অনুরোধ জানান।** | ০৫। ডেঙ্গুসহ মশা নিয়ন্ত্রণ কার্যক্রম মনিটরিং ও স্বচ্ছতার জন্য গঠিত কমিটিকে এতদবিষয়ে সুপারিশ পরবর্তী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো। | |
| | **(ii) পরিত্যক্ত পুকুর পরিষ্কার:** সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৬) জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল জানান, ১৬ নং ওয়ার্ড বিভিন্ন পুকুরের জঞ্জাল পরিষ্কারের জন্য আবেদন করা হয়েছে, কোনো পদক্ষেপ গ্রহণ করা হয় নি। এ প্রসঙ্গে প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, শহরের হাজা, মজা, পরিত্যক্ত পুকুরের সংখ্যা কম নয়। অর্থ ও জনবল সংকটের কারণে সিটি কর্পোরেশন কর্তৃক এগুলো সংস্কার করা সম্ভব হয় না। পুকুর জলাশয়ের মালিক/দখলকারী নিজ দায়িত্বে সংস্কার করবে। সভাপতি বিষয়টি গুরুত্ব অনুধাবন করেন এবং বিভিন্ন ওয়ার্ডে হাজা, মজা পুকুরের তালিকা করে পরিষ্কার/সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মালিক/দখলকারকে নোটিশ প্রদানের জন্য স্বাস্থ্য বিভাগ ও কঞ্জারভেন্সি বিভাগকে নির্দেশনা প্রদান করেন। | ০৬। সিটি কর্পোরেশন এলাকার সকল পরিত্যক্ত, হাজা, মজা পুকুর/ডোবা/জলাশয়ের ওয়ার্ডভিত্তিক তালিকা তৈরী করে পরিষ্কার/সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রত্যেক মালিক/দখলকারীকে নোটিশ প্রদানের জন্য স্বাস্থ্য বিভাগ ও কঞ্জারভেন্সি বিভাগ ব্যবস্থা গ্রহণ করবে। | |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | (ঘ) বিদ্যুৎ শাখা:<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ২৬) জনাব আব্দুস সত্তার জানান, সিটি কর্পোরেশনের সড়ক বাতি ব্যবস্থাপনা দুর্বল। প্রয়োজনীয় বৈদ্যুতিক উপকরণ (বাল্ব, তার, হোল্ডার ইত্যাদি) সরবরাহ পাওয়া যায় না। কর্মীরা মাঠে কাজে গাফিলতি করে। বিদ্যুৎ শাখা কাজের মনিটরিং ও গতি বাড়ানো দরকার। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ২৩) জনাব মো: আনিসুজ্জামান অনুরূপ অভিমত প্রকাশ করেন। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ২৭) জনাব মো: আবুল হাসান জানান, বাল্ব ক্রয় প্রক্রিয়ায় ওয়ারেন্টি নিশ্চিত করা দরকার। এ লক্ষ্যে ওয়ারেন্টি কার্ড সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে বিকল বাতি ফেরত দিয়ে নতুন বাতি সংগ্রহ করতে হবে। সহকারী প্রকৌশলী জনাব মোহাম্মদ ইউসুফ বলেন, সড়কে স্থাপিত বাতি রোদ, বৃষ্টি, ঝড়ের কারণে নষ্ট হয়ে যায়। এসব ক্ষেত্রে সাধারণত ওয়ারেন্টি ক্রাইটেরিয়ায় পড়ে না। সহকারী প্রকৌশলী জনাব মো: খাইরুল বাসার বলেন, লাইট ক্রয় প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। ফেব্রুয়ারি ২০২৪ মাসে চাহিদা অনুযায়ী বাতি সরবরাহ সম্ভব হবে। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৪) জনাব আবুল কালাম আজাদ সড়ক বাতি ব্যবস্থাপনা কার্যকর ও বেগবান করার জন্য সংশ্লিষ্ট স্থায়ী কমিটি সভা করে সুচিন্তিত সুপারিশ পরবর্তী সভায় উপস্থাপন করার অনুরোধ জানান। সংরক্ষিত আসনের সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ২৩, ২৪, ২৫) বেগম তাহমিনা আক্তার জানান লক্ষ্মীপুর-হাইওয়ে সড়কে বৈদ্যুতিক বাতি নাই। এ সড়কে বাতি লাগানোর অনুরোধ জানান। সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) জনাব মো: খাইরুল বাসার বলেন, ঠিকাদারের অসহযোগিতার কারণে এ সড়কে এলইডি বাতি একটিভ হচ্ছে না। বৈদ্যুতিক মালামাল সরবরাহ পাওয়া গেলে সমস্যা সুরাহা হবে। | ০৭। বৈদ্যুতিক উপকরণ (লাইট, তার, হোল্ডার ইত্যাদি) ক্রয় কার্য নির্ধারিত প্রক্রিয়ায় দ্রুত সম্পাদন করতে হবে।<br><br>(ii) সিটি কর্পোরেশনের সড়ক বাতি ব্যবস্থাপনা উন্নয়নে সুচিন্তিত মতামতসহ প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপনের জন্য বিদ্যুৎ বিষয়ক স্থায়ী কমিটিকে অনুরোধ করা হলো। | |
| | (ঙ) প্রশাসনিক বিভাগ:<br>স্থায়ী কমিটি ও WLCC সভা: প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সরকারের সাথে সিটি কর্পোরেশনের বাৎসরিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সম্পাদিত হয়েছে। এপিএ কর্মপরিকল্পনার আওতায় সিটি কর্পোরেশনের সকল স্থায়ী কমিটির সভায় অনুষ্ঠান (৬মাস অন্তর) ও কার্যবিবরণী সংরক্ষণের বাধ্যবাধকতা রয়েছে। সরকার কর্তৃক সিটি কর্পোরেশনের বার্ষিক কার্যক্রম মূল্যায়ন ও বাজেট বরাদ্দে এটি বিবেচনা করা হয়। তাই নিয়মিত (৬মাস অন্তর) স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করার জন্য সকল কাউন্সিলরকে অনুরোধ জানান। তিনি আরও বলেন, জনসম্পৃক্ততা বাড়ানোর জন্য ওয়ার্ড লেবেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) সভাগুলো প্রতি ০৩ মাস অন্তর করার নির্দেশনা রয়েছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক এগুলো নিয়মিত মনিটরিংসহ বিভিন্ন সূচকে প্রতিষ্ঠানের র‍্যাংকিং হয়। এ সকল বিষয়ের ওপর বার্ষিক মূল্যায়নে সিটি কর্পোরেশনের ভাবমূর্তি ও বরাদ্দ বিভাজনে প্রতিফলন ঘটে। তাই নিয়মিত ওয়ার্ড লেবেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) সভা অনুষ্ঠানের জন্য সকল কাউন্সিলরকে অনুরোধ জানান। | ০৮। সিটি কর্পোরেশনের সকল স্থায়ী কমিটির সভা (৬ মাস অন্তর) এবং WLCC কমিটির সভা ( ৩ মাস অন্তর) নিয়মিত অনুষ্ঠানের জন্য সম্মানিত কাউন্সিলরগণকে অনুরোধ করা হলো। | |
| | (চ) হিসাব বিভাগ: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মো: মাসুদুর রহমান বলেন, ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখ কুমিল্লা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব আরফানুল হক রিফাত এর আকস্মিক মৃত্যু ঘটে। প্রয়াত মেয়রের অসুস্থতাকালীন জরুরি প্রয়োজনে কতিপয় চেক স্বাক্ষর হয়েছে, কিন্তু সংশ্লিষ্ট নথি, নোট, রেজিস্টার তাঁর স্বাক্ষরবিহীন রয়ে গেছে। হিসাব বিভাগের অসতর্কতাবশত: এটি হতে পারে। ভবিষ্যৎ জটিলতা বা অডিট আপত্তি নিরসনকল্পে প্রয়াত মেয়রের স্বাক্ষরবিহীন নথি রেজিস্টারের বিষয়ে কী ব্যবস্থা গ্রহণ করা যায়- এ বিষয়ে মতামত আহ্বান করেন।<br>(ii) সভাপতি বলেন, সিটি কর্পোরেশনের তহবিলে অলস খাতে কিছু অর্থ জমা রয়েছে। এ থেকে কোনো মুনাফা পাওয়া যায় না। এ অর্থ এফডিআর বা সঞ্চয়পত্র বিনিয়োগ করে সিটি কর্পোরেশন লাভবান হতে পারে। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ২৬) জনাব মো: আব্দুস সত্তার জানান, প্রান্তিক জনগোষ্ঠীর জীবন উন্নয়ন প্রকল্পের (LIUPC) আওতায় সিডিসি সদস্যদের সঞ্চিত প্রায় কোটি টাকা অলস খাতে রয়েছে। সিডিসি সদস্যদের সঞ্চিত অর্থ এফডিআর করা প্রস্তাব করেন। | ০৯। প্রয়াত মেয়র জনাব আরফানুল হক রিফাত এর দায়িত্বকালীন বা তাঁর অসুস্থতাকালীন স্বাক্ষরবিহীন নথি রেজিস্টার (যদি থাকে) বর্তমানে দায়িত্বপালনকারী ভারপ্রাপ্ত মেয়র মহোদয়ের গোচরীভুত (দেখিলাম) করা যেতে পারে। তবে ভবিষ্যতে এ ধরণের ত্রুটি-বিচ্যুতি না ঘটে, সতর্কতা অবলম্বনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।<br><br>(ii) সিটি কর্পোরেশনের তহবিলে অলস খাতে জমা অর্থ কোনো সরকারি সিডিউল ব্যাংকে ৩.০০(তিন) কোটি টাকা সঞ্চয়পত্র এবং ২.০০(দুই) কোটি টাকা এফডিআর করার জন্য সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| | (ছ) জন্ম নিবন্ধন: প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, জন্ম নিবন্ধন সার্বজনীন ও বাধ্যতামূলক। বিশেষকরে ০১ বছরের নিচে সকল শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার জন্য সরকারের জোর নির্দেশনা রয়েছে। ইউনিয়ন অর্থাৎ গ্রাম পর্যায়ে এ বয়সের শিশুর জন্ম নিবন্ধন হার সন্তোষজনক। কিন্তু সিটি কর্পোরেশন এক্ষেত্রে অনেক পিছিয়ে। এ নিয়ে জেলা প্রশাসন ও সরকারের উর্ধ্বমহলে শিশুর জন্ম নিবন্ধন নিম্নহারের কারণে সিটি কর্পোরেশনের ভাবমূর্তি ক্ষুন্ন হচ্ছে। তাই ০১ বছরের নিচে সকল শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কাউন্সিলরগণকে অনুরোধ জানান। এ কাজকে সার্থক করার জন্য সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগ, ইউপিএইচসিএসডিপি, স্থানীয় এনজিও, কমিউনিটি কর্মীকে সম্পৃক্ত করার পরামর্শ প্রদান করেন। | ১০। এক বছরের নিচে সকল শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার জন্য সম্মানিত সকল কাউন্সিলর, ওয়ার্ড সচিব, সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগ, ইউপিএইচসিএসডিপি, স্থানীয় এনজিও, কমিউনিটি সংগঠনকে সম্পৃক্তকরণ, উদ্বুদ্ধকরণ, প্রচার-প্রসারণা কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হলো। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা গৃহীত কাজের | |

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৪/০১/২০২৪খ্রি. তারিখের মাসিক সভার কার্যবিবরণী

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td>(জ) পরিবহন শাখা: সহকারী প্রকৌশলী জনাব মো: খাইরুল বাসার পরিবহন শাখার জরুরি কাজের জন্য নিম্নলিখিত প্রাক্কলন অনুমোদনের নিমিত্ত সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রম</th><th>প্রকল্প/কাজের নাম</th><th>প্রাক্কলিত অর্থ</th></tr>
<tr><td>১.</td><td>গার্ভেজ ড্রাম ট্রাক আইসার-১০ বডি পরিবর্তন ও কেবিন মেরামত কাজ।</td><td>৪,১২,০০০/-</td></tr>
<tr><td>২.</td><td>গার্ভেজ ড্রাম ট্রাক আইসার-১১ বডি পরিবর্তন ও কেবিন মেরামত কাজ।</td><td>৩,৯৫,৮০০/-</td></tr>
<tr><td>৩.</td><td>০৫-০০০৪ জিপ গাড়ির ইঞ্জিন পরিবর্তন ও সিএনজি কনভার্সন কাজ।</td><td>৪,৫৫,০০০/-</td></tr>
</table></td><td>১১। সিটি কর্পোরেশনের পরিবহন শাখার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রস্তাবিত ০৩(তিন)টি প্রাক্কলন সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়।</td><td></td></tr>
<tr><td>০৬.</td><td><u>জেলা পুলিশ লাইন্স এ ডাস্টবিন স্থাপনের জন্য পুলিশ সুপার, কুমিল্লা এর ২৫/১১/২০২৩ তারিখের আবেদন সংক্রান্ত:</u> কুমিল্লা জেলা পুলিশ লাইন্স এ ডাস্টবিন স্থাপনের জন্য পুলিশ সুপার, কুমিল্লা এর ২৫/১১/২০২৩ তারিখের আবেদন সভায় উপস্থাপন করা হলে এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।</td><td>কুমিল্লা জেলা পুলিশ লাইন্স এ ডাস্টবিন স্থাপনের প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়। জেলা পুলিশ বিভাগের সাথে সমন্বয়পূর্বক প্রকৌশল বিভাগ ডাস্টবিন নির্মাণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।</td><td>প্রধান প্রকৌশলী<br>নির্বাহী প্রকৌশলী</td></tr>
<tr><td>০৭.</td><td><u>সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে দু:স্থ হতদরিদ্রদের মধ্যে শীতবস্ত্র (কম্বল-৭৫০০টি) বিতরণের জন্য ৩০,৩৭,৫০০/-টাকার ব্যয় অনুমোদন :</u> সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে দু:স্থ হতদরিদ্রদের মধ্যে শীতবস্ত্র কম্বল-৭৫০০টি বিতরণের জন্য ৩০,৩৭,৫০০/-টাকার ব্যয় অনুমোদনের নিমিত্ত সভায় উপস্থাপন করা হয়। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ব্যয়িত অর্থ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডে দু:স্থ হতদরিদ্রদের মধ্যে শীতবস্ত্র ৭৫০০টি কম্বল বিতরণের জন্য ৩০,৩৭,৫০০/-টাকার ব্যয় প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে অনুমোদনের প্রদান করা হয়। কম্বল বিতরণের হিসাব এবং ব্যয়িত অর্থের বিল-ভাউচার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।</td><td>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা<br>প্রশাসনিক কর্মকর্তা<br>ভান্ডার কর্মকর্তা</td></tr>
<tr><td>০৮.</td><td><u>মশক নিয়ন্ত্রণে ০৪টি ফগার মেশিন ক্রয় বাবদ ৭,৫৪,০০০/-টাকার ব্যয় প্রস্তাব অনুমোদন:</u> মশক নিয়ন্ত্রণে ০৪টি ফগার মেশিন ক্রয় বাবদ ৭,৫৪,০০০/-টাকার ব্যয় প্রস্তাব অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(ii) সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ জানান, ফগার মেশিনে প্রয়োগকৃত ঔষধ কার্যকর হয় না। তাছাড়া ফগার মেশিন ব্যবহার ব্যয়বহুল। স্প্রে মেশিন বরং অধিক কার্যকর ও সাশ্রয়ী। তাই স্প্রে মেশিন সংখ্যা বাড়িয়ে ঔষধ স্প্রে করা প্রস্তাব করেন।</td><td>০১। মশক নিয়ন্ত্রণে ০৪টি ফগার মেশিন ক্রয় বাবদ ৭,৫৪,০০০/-টাকার ব্যয় প্রস্তাব সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়।<br>০২। বিদ্যমান স্প্রে মেশিনগুলো সার্বক্ষণিক ব্যবহার উপযোগি রাখাসহ চাহিদারভিত্তিতে প্রয়োজনে হস্তচালিত নতুন স্প্রে মেশিন ক্রয় করা যেতে পারে।</td><td>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা<br>কঞ্জারভেন্সি কর্মকর্তা</td></tr>
<tr><td>০৯.</td><td><u>সিটি কর্পোরেশনের বিভিন্ন ওয়ার্ডে বিদ্যমান অস্থায়ী কাচা বাজার (মগবাড়ি চৌমুহনী, টমছমব্রীজ, থিরাপুকুরপাড়, ইপিজেড পকেট গেইট, ইয়াছিন মার্কেট, চৌয়ারা তরকারি বাজার) ইজারা প্রসঙ্গে:</u> প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, টমছমব্রীজসহ শহরের বেশ কয়েকটি স্থানে অননুমোদিতভাবে অস্থায়ী দৈনিক হাট-বাজার বসে। এর মধ্যে উল্লেখযোগ হলো- মগবাড়ি চৌমুহনী, টমছমব্রীজ, থিরাপুকুরপাড়, ইপিজেড পকেট গেইট, ইয়াছিন মার্কেট, চৌয়ারা তরকারি বাজার ইত্যাদি। এ সকল অস্থায়ী বাজারে সৃষ্ট বর্জ্য সিটি কর্পোরেশন জনবল ও গাড়ি ব্যবহার করে অপসারণ করতে হয়, কিন্তু সিটি কর্পোরেশন কোনো রাজস্ব পায় না। অস্থায়ী হাট-বাজারগুলো ইজারা প্রদান করা যায় কি-না, সুচিন্তিত মতামত আহ্বান করেন।<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০১) জনাব কাজী গোলাম কিবরিয়া জানান, সিটি কর্পোরেশন কর্তৃক ইজারার আওতায় নেওয়া হলে রাজস্ব বৃদ্ধি ও নিয়ন্ত্রণের সুফল মিলবে। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ জানান, সিটি কর্পোরেশন এলাকায় সড়ক বা সড়কের উপর হাট-বাজার স্থাপন সরকার বারিত করেছেন। তাছাড়া সড়কের উপর হাট-বাজার ইজারা প্রদান করা হলে ইজারাদার কর্তৃক নানান অজুহাতে আশপাশ সংলগ্ন সড়কে বাজার সম্প্রসারণ করে জনচলাচলে বিঘ্ন ঘটায়। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১৯) জনাব মো: রেজাউল করিম জানান, ইপিজেড পকেট গেইট সংলগ্ন সড়কের উপর অস্থায়ী হাট-বাজার সেনাবাহিনী কর্তৃক নিয়ন্ত্রিত হয়। এটি সিটি কর্পোরেশনের আওতায় আনা যায় কি-না, সভাপতির</td><td>সিটি কর্পোরেশন এলাকার অননুমোদিতভাবে গড়ে উঠা অস্থায়ী দৈনিক হাট-বাজার যেমন- মগবাড়ি চৌমুহনী, টমছমব্রীজ, থিরাপুকুরপাড়, ইপিজেড পকেট গেইট, ইয়াছিন মার্কেট, চৌয়ারা তরকারি বাজার ইত্যাদিসহ অন্যান্য এ জাতীয় হাট-বাজারের স্থায়ী/অস্থায়ী দোকান-পাট, ব্যবসা প্রতিষ্ঠানের তালিকা মার্চ ২০২৪ মাসের মধ্যে প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে প্রধান রাজস্ব কর্মকর্তাকে অনুরোধ করা হলো।</td><td>প্রধান রাজস্ব কর্মকর্তা<br>বাজার কর্মকর্তা</td></tr>
</table>

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৪/০১/২০২৪খ্রি. তারিখের মাসিক সভার কার্যবিবরণী

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি বলেন, টমছমব্রীজসহ শহরের বিভিন্ন এলাকায় অননুমোদিত হাট-বাজারগুলো এলাকাভিত্তিক মানুষের নিত্য প্রয়োজনে গড়ে উঠেছে। এ থেকে স্থানীয় বাসিন্দারা উপকৃত হচ্ছে বটে। সিটি কর্পোরেশন রাজস্ব না পেলেও একশ্রেণীর অসাধু চক্র এ থেকে ফায়দা লুটে। এদেরকে চিহ্নিত করা দরকার। তাই প্রাথমিকভাবে ০১ মাসের মধ্যে শহরের অননুমোদিত সকল অস্থায়ী হাট-বাজারের দোকান-পাট, ব্যবসা প্রতিষ্ঠানের তালিকা প্রণয়নের জন্য প্রধান রাজস্ব কর্মকর্তাকে অনুরোধ জানান। | | |
| ১০. | <u>মেয়র মহোদয় কর্তৃক মঞ্জুরকৃত আর্থিক অনুদান অনুমোদন:</u> মেয়র মহোদয় কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠান/ব্যক্তির অনুকূলে মঞ্জুরকৃত মার্চ ২০২৩ থেকে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত আর্থিক অনুদান বাবদ মোট ৪৫,৫৫,৪৫০/- (পয়তাল্লিশ লক্ষ পঞ্চান্ন হাজার চারশত পঞ্চাশ) টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ০১। মেয়র মহোদয় কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠান/ব্যক্তির অনুকূলে মার্চ ২০২৩ থেকে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত মঞ্জুরকৃত ও প্রদানকৃত আর্থিক অনুদান বাবদ মোট ৪৫,৫৫,৪৫০/- (পয়তাল্লিশ লক্ষ পঞ্চান্ন হাজার চারশত পঞ্চাশ) টাকা সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়।<br>০২। প্রতিষ্ঠান/ব্যক্তির অনুকুলে প্রদত্ত আর্থিক অনুদানের মাসওয়ারী তালিকা তৈরী রাখার জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ১১. | <u>কুমিল্লা নিউমার্কেটে দোকান-কোঠা নম্বর ৪০৪২ বরাদ্দ সংক্রান্ত:</u> কুমিল্লা মোগলটুলি নিবাসী এডভোকেট মো: জহিরুল ইসলাম সেলিম এর নামে কুমিল্লা নিউমার্কেটে দোকান বরাদ্দ বিষয়ে সভায় আলোচনা হয়। নথি পর্যালোচনায় দেখা যায়, তাঁর নামে মোগলটুলীস্থ বরাদ্দকৃত একটি দোকান ভেঙে ফেলায় ক্ষতিগ্রস্ত ব্যক্তি হিসেবে কুমিল্লা সিটি মার্কেটে ৩১৮নম্বর দোকান কোঠা বরাদ্দ প্রদান করে পুনর্বাসন করা হয়। কিন্তু কুমিল্লা সিটি মার্কেট চালু না হওয়া এবং মামলাজনিত কারণে আদৌ মার্কেট চালু হবে কি-না, তা অনিশ্চিত। এসব বিষয় বিবেচনাক্রমে এডভোকেট মো: জহিরুল ইসলাম সেলিম এর নামে কুমিল্লা সিটি মার্কেটে বরাদ্দকৃত ৩১৮নম্বর দোকান কোঠার বরাদ্দ বাতিল করে তৎপরিবর্তে কুমিল্লা নিউ মার্কেটে ৪০৪২ নম্বর দোকান-কোঠা বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০১) জনাব কাজী গোলাম কিবরিয়া কুমিল্লা সিটি মার্কেট চালু হবে কি-না, অগ্রগতি জানতে চান। এ প্রসঙ্গে সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী জনাব মো: আবু সায়েম ভুইয়া বলেন, মার্কেটের মালিকানা নিয়ে মামলা চলমান রয়েছে। নিম্ন আদালতে সিটি কর্পোরেশনে বিপক্ষে রায় হয়। মহামান্য হাইকোর্টে আপিল করা হলে, তাও খারিজ হয়। উচ্চ আদালতে আপিল প্রক্রিয়াধীন রয়েছে। প্রকৃতঅর্থে মামলাজনিত কারণে দোকানের বরাদ্দ প্রাপকগণ মুখ ফিরিয়ে নিচ্ছে প্রতীয়মান এবং দিন দিন সালামীর টাকা ফেরত নিয়ে যাচ্ছে। মার্কেট চালুর বিষয়টিও অনিশ্চিত। | এডভোকেট মো: জহিরুল ইসলাম সেলিম এর নামে কুমিল্লা সিটি মার্কেটে বরাদ্দকৃত ৩১৮নম্বর দোকান কোঠার বরাদ্দ বাতিল করত: তৎপরিবর্তে কুমিল্লা নিউ মার্কেটে ৪০৪২ নম্বর দোকান-কোঠা তাঁর নামে বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান রাজস্ব কর্মকর্তা<br>বাজার কর্মকর্তা<br>আইন কর্মকর্তা |
| ১২. | <u>বিবিধ:</u><br>(ক) <u>২০২৪-২০২৫ অর্থবছর থেকে কুমিল্লা সিটি কর্পোরেশনের সাধারণ (পঞ্চবার্ষিকী) করধার্য কার্যক্রম (জেনারেল এসেসমেন্ট) সংক্রান্ত:</u> কুমিল্লা সিটি কর্পোরেশনের সাধারণ (পঞ্চবার্ষিকী) করধার্য কার্যক্রম বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। নথি পর্যালোচনায় দেখা যায়, চলমান সাধারণ (পঞ্চবার্ষিকী) করধার্য ২০১৯-২০২০ অর্থবছরের জুলাই থেকে কার্যকর হয়েছে। মিউনিসিপ্যাল কর্পোরেশন (টেক্সেসেশন) রুলস্ ১৯৮৬ অনুযায়ী প্রতি ০৫ (পাঁচ) বছর অন্তর অন্তর করধার্য পুন:মূল্যায়নের বিধান রয়েছে। এ প্রেক্ষিতে ২০২৪-২০২৫ অর্থবছরের জুলাই থেকে প্রস্তাবিত সাধারণ (পঞ্চবার্ষিকী) করধার্য কার্যকর হবে। প্রধান নির্বাহী কর্মকর্তা প্রস্তাবিত সাধারণ (পঞ্চবার্ষিকী) করধার্যের ধারাবাহিকতার ওপর গুরুত্বারোপ করে বলেন ২০২৪-২০২৫ অর্থবছর থেকে করধার্য পুন:মূল্যায়নের জন্য এখন থেকেই কার্যক্রম শুরু করতে হবে। সভাপতির অনুমতিক্রমে করনির্ধারণ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) জনাব মো: জামাল খাঁ প্রস্তাবিত সাধারণ (পঞ্চবার্ষিকী) করধার্য কার্যক্রমের বিভিন্ন ধাপসমূহ সভার বিস্তারিত তুলে ধরেন। | ০১। ২০২৪-২০২৫ অর্থবছরের জুলাই থেকে প্রস্তাবিত সাধারণ (পঞ্চবার্ষিকী) করধার্য কার্যক্রম নির্ধারিত প্রক্রিয়ায় সম্পাদনের লক্ষ্যে কর্মসূচি/কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হলো। এসেসমেন্ট কার্যক্রমের সকল ধাপ স্মার্ট, তথ্য সমৃদ্ধ ও প্রচলিত বিধি-বিধান যথাযথ অনুসরণপূর্বক স্বচ্ছতারভিত্তিতে সম্পাদন করতে হবে। কোনো প্রকার অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা/কর নির্ধারণ কর্মকর্তা/কর আদায় কর্মকর্তা |

চলমান পাতা-০৭।

CamScanner

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৪/০১/২০২৪খ্রি. তারিখের মাসিক সভার কার্যবিবরণী

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | (খ) সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী জনাব গৌতম প্রসাদ চৌধুরী বলেন, LIUPC প্রকল্পের আওতায় শহরের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান ও আর্থসামাজিক অবস্থার উন্নয়ন কার্যক্রম চলমান আছে। UNDP সহায়তা পুষ্ট এ প্রকল্পের মেয়াদ মে ২০২৪ মাসে উত্তীর্ণ হবে। মেয়াদ শেষে প্রকল্পের বরাদ্দ থাকবে না। প্রকল্পের আওতায় প্রদত্ত সুবিধাদি চালু রাখার জন্য বিশেষকরে পুষ্টি সহায়তা (ফুড বাস্কেট) বাবদ প্রায় ৯৩লক্ষ টাকা সিটি কর্পোরেশন থেকে বরাদ্দ প্রদানের জন্য সংরক্ষিত আসনের সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০১, ০২, ০৩) ও মেয়র প্যানেলের সদস্য-০৩ বেগম কাউছারা বেগম সুমি ও সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৪, ০৫, ০৬) বেগম নাদিয়া নাসরিন একখানা চাহিদা প্রেরণ করেছেন। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০১) জনাব কাজী গোলাম কিবরিয়া জানান, সিটি কর্পোরেশনের অর্থায়নে প্রকল্প চালু রাখার সক্ষমতা নেই এবং সিটি কর্পোরেশনের দায়বদ্ধতা বরং বাড়বে। প্রকল্পের সুবিধাদি চালু রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যেমন- নিরাপদ সুপেয় পানির জন্য ডিপিএইচই, স্বাস্থ্য সেবার জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগ ও সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতা পাওয়ার কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য তিনি প্রস্তাব করেন। সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ বলেন, LIUPC প্রকল্পের আওতায় বিগত সময়ে কমিউনিটি ও সুবিধাভোগী গোষ্ঠী মনোনয়ন নিরপেক্ষ ও সর্বজনীন হয় নি। প্রকৃতঅর্থে প্রকল্পের উদ্দেশ্য ব্যাহত হয়েছে। সভাপতি বলেন, সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে প্রকল্প চালু রাখা সম্ভব নয়। উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের বিষয়ে পরবর্তী করণীয় নির্ধারণ সমীচীন হবে। | ০২। UNDP সহায়তা পুষ্ট LIUPC প্রকল্পের মেয়াদ বাড়ানোর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। কুমিল্লা সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে প্রকল্প চালু রাখা সম্ভব নয়- মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান প্রকৌশলী<br>টাউন ম্যানেজার LIUPC |
| | (গ) <u>শিক্ষা সফর</u> : সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ২৬) জনাব মো: আব্দুস সত্তার সিটি কর্পোরেশনের উদ্যোগে শিক্ষা সফর আয়োজনের প্রস্তাব করেন। উপস্থিত সদস্যবৃন্দ প্রস্তাবের সাথে একমত পোষণ করেন। একটি উপযুক্ত স্থান নির্ধারণ ও বনভোজন ব্যবস্থাপনার জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো।<br>০১. জনাব মো: আমিনুল ইকরাম, কাউন্সিলর, ৬নং ওয়ার্ড<br>০২. জনাব সরকার মাহমুদ জাবেদ, কাউন্সিলর, ০৩নং ওয়ার্ড<br>০৩. জনাব মো: আব্দুস সত্তার, কাউন্সিলর, ২৬ নং ওয়ার্ড<br>০৪. জনাব মোহাম্মদ ইউসুফ, সহকারী প্রকৌশলী | ০৩। সিটি কর্পোরেশনের কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে বনভোজন আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হলো। একটি উপযুক্ত স্থান নির্ধারণসহ শিক্ষা সফর আয়োজন অগ্রগতি মেয়র মহোদয়কে অবহিত করার জন্য গঠিত কমিটিকে অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট কমিটি<br>সহকারী প্রকৌশলী (পানি) |

সবশেষে সভাপতি গভীর মর্মবেদনাসহ কুমিল্লা সিটি কর্পোরেশনের সদ্যপ্রয়াত মেয়র জনাব আরফানুল হক রিফাত এর বর্ণাঢ্য দীর্ঘ কর্মময় জীবনের স্মৃতিচারণ করেন এবং নগরীর উন্নয়নকল্পে প্রয়াত মেয়রের দীর্ঘমেয়াদী সুপরিকল্পিত কাজগুলো বাস্তবায়নে দৃঢ়অঙ্গীকার ব্যক্ত করেন। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪।০১।২৪

হাবিবুর আল-আমিন সাদী
ভারপ্রাপ্ত মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন
ফোন: +৮৮০২৩৩৪৪৩৭০৯
ইমেইল: coccbd@gmail.com
তারিখ: ২৪/০১/২০২৪খ্রি.

স্মারক নং ৪৬.১৭.১৯.৫০.০১৫.০০.১২৮.২০২২-২৭৯(১০০)

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সিটি কর্পোরেশন-১ শাখা)
০২। জনাব/বেগম ........................................................................কাউন্সিলর...........নং ওয়ার্ড, কুমিল্লা সিটি কর্পোরেশন
০৩। সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৪। বিভাগ প্রধান (সকল)...................................................................., কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৫। আইটি কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা(সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। শাখা প্রধান (সকল)...................................................................., কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৭। পিএটু মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৮। রেকর্ড কিপার, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা (গার্ড ফাইলে সংরক্ষণের জন্য)
০৯। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল

২৪.০১.২০২৪

মো: ছামছুল আলম
প্রধান নির্বাহী কর্মকর্তা
কুমিল্লা সিটি কর্পোরেশন
ফোন: ০২৩৩৪৪৩৭১০০
মোবাইল: ০১৭১২ ৭৮৯৭১০
samsul22bcs@gmail.com

CamScanner

কুমিল্লা সিটি কর্পোরেশনের ২৪/০১/২০২৪খ্রি. তারিখের মাসিক সভার কার্যবিবরণী

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কাউন্সিলরবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | বেগম কাউছারা বেগম | সংরক্ষিত আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০৩ |
| ২. | বেগম নাদিয়া নাসরিন | সংরক্ষিত আসনের কাউন্সিলর |
| ৩. | বেগম উম্মে কুলসুম | ,, |
| ৪. | বেগম রুমা আক্তার | ,, |
| ৫. | বেগম নুর জাহান আলম(পুতুল) | ,, |
| ৬. | বেগম নেহার বেগম | ,, |
| ৭. | বেগম তাহমিনা আক্তার | ,, |
| ৮. | বেগম ফারহানা পারভীন | ,, |
| ৯. | বেগম শাহীন আক্তার | ,, |
| ১০. | জনাব কাজী গোলাম কিবরিয়া | সাধারণ আসনের কাউন্সিলর |
| ১১. | জনাব সরকার মাহমুদ জাবেদ | ,, |
| ১২. | জনাব মো: নাছির উদ্দিন নাজিম | ,, |
| ১৩. | সৈয়দ রায়হান আহমেদ | ,, |
| ১৪. | জনাব আব্দুর রহমান | ,, |
| ১৫. | জনাব মোহাম্মদ একরাম হোসেন | ,, |
| ১৬. | জনাব মো: মনজুর কাদের(মনি) | সাধারণ আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০২ |
| ১৭. | জনাব হাবিবুর আল-আমিন সাদী | সাধারণ আসনের কাউন্সিলর ও মেয়রের প্যানেল সদস্য-০১ |
| ১৮. | জনাব আবুল কালাম আজাদ | ,, |
| ১৯. | জনাব সাইফুল বিন জলিল | ,, |
| ২০. | জনাব মো: জাহাঙ্গীর হোসেন বাবুল | ,, |
| ২১. | জনাব হানিফ মাহমুদ | ,, |
| ২২. | জনাব মোহাম্মদ শওকত আকবর | ,, |
| ২৩. | জনাব মো: রেজাউল করিম | ,, |
| ২৪. | জনাব মো: আনোয়ার হোসেন | ,, |
| ২৫. | জনাব কাজী মাহবুবুর রহমান | ,, |
| ২৬. | জনাব মো: আজাদ হোসেন | ,, |
| ২৭. | জনাব আনিসুজ্জামান | ,, |
| ২৮. | জনাব মো: মহিবুর রহমান | ,, |
| ২৯. | জনাব মো: এমদাদুউল্লাহ | ,, |
| ৩০. | জনাব মো: আব্দুস সত্তার | ,, |
| ৩১. | জনাব মো: আবুল হাসান | ,, |

সভায় উপস্থিত সিটি কর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ(স্বাক্ষরের ক্রমানুসারে):

| ক্রমিক | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মো: ছামছুল আলম | প্রধান নিবাহী কর্মকর্তা |
| ২. | জনাব গৌতম প্রসাদ চৌধুরী | প্রধান প্রকৌশলী |
| ৩. | বেগম আশরাফুন নাহার | সচিব |
| ৪. | জনাব মো: মোস্তাফিজুর রহমান | প্রধান রাজস্ব কর্মকর্তা |
| ৫. | জনাব মো: মাসুদুর রহমান | প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৬. | জনাব মো: মাঈন উদ্দিন চিশতী | নির্বাহী প্রকৌশলী |

(সম্মানিত কাউন্সিলরবৃন্দ এবং কর্মকর্তাদের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষণ করা হচ্ছে)

CS CamScanner